

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাজেট ও পরিবীক্ষণ শাখা
www.mopa.gov.bd

নম্বর: ০৫.০০.০০০০.১১৯.২০.০০৩.২৪.৮৮২

তারিখ: ১ শ্রাবণ ১৪৩১
১৬ জুলাই ২০২৪

প্রাপক:

- ১) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, (সকল)
- ২) সকল উপজেলা নির্বাহী অফিসার
- ৩) জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল), এক্যাউন্ট এন্ড ফিন্যান্স অফিসার, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা

বিষয়: আগামী ২৩ জুলাই ২০২৪ তারিখে জাতীয় পাবলিক সার্ভিস দিবস-২০২৪ উদযাপনের লক্ষ্যে উপজেলা পর্যায়ে বরাদ্দ ও ব্যয় মঞ্জুরি।

সূত্র: ০৫.০০.০০০০.১১৬.২৩.০০১.২৪.১২৭ ১১ জুলাই ২০২৪

আগামী ২৩ জুলাই ২০২৪ তারিখে জাতীয় পাবলিক সার্ভিস দিবস-২০২৪ উদযাপনের লক্ষ্যে ২০২৪-২৫ অর্থবছরে প্রত্যেক উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ পূর্বক ৪৯৫টি উপজেলায় সর্বমোট ২,৪৭,৫০,০০০/- (দুই কোটি সাতচল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ৩২৫৭৩০১-অনুষ্ঠান/উৎসবাদি খাতে নিম্নবর্ণিত শর্তে বরাদ্দ ও ব্যয়ের মঞ্জুরি জ্ঞাপন করছি:

	ক্যাটাগরি	সংখ্যা	বরাদ্দ	মোট ব্যয়
০১	উপজেলা পর্যায়ে	৪৯৫টি	৫০,০০০/-	৪৯৫×৫০,০০০/-=২,৪৭,৫০,০০০/-
মোট=				২,৪৭,৫০,০০০/- (দুই কোটি সাতচল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার)

শর্তাবলি:

- অতিরিক্ত ব্যয়ের ক্ষেত্রে ব্যয়ান্তর অনুমোদন প্রদান করা হবে না বিধায় বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত ব্যয় করা যাবে না;
- সকল প্রকার ব্যয় নির্বাহের ক্ষেত্রে প্রচলিত আর্থিক নিয়ম-নীতি অনুসরণ, হিসাব যথাযথভাবে সংরক্ষণ ও ব্যয় সংকোচন করত হবে;এবং
- অব্যয়িত অর্থ আগামী ৩০ জুন ২০২৫ তারিখের মধ্যে অবশ্যই সমর্পণ করত হবে।

০২। এ ব্যয় চলতি ২০২৪-২৫ অর্থবছরে ৩২৫৭৩০১- অনুষ্ঠান/উৎসবাদি খাতে বরাদ্দকৃত অর্থ থেকে নির্বাহ করা হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মঞ্জুরি আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত,



১৬-৭-২০২৪

মোহাম্মদ সাইফুল ইসলাম

উপসচিব

ইমেইল: info@mopa.gov.bd

নম্বর: ০৫.০০.০০০০.১১৯.২০.০০৩.২৪.৮৮২/১(৮১)

তারিখ: ১ শ্রাবণ ১৪৩১

১৬ জুলাই ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) বিভাগীয় কমিশনার (সকল)
- ২) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৩) অতিরিক্ত সচিব, ক্যারিয়ার প্লানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৪) যুগ্মসচিব, বাজেট ব্যবস্থাপনা অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৫) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৬) উপসচিব, সিপি-২ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৭) উপ-সচিব, বাজেট-১০ শাখা, অর্থ বিভাগ
- ৮) জেলা প্রশাসক (সকল)
- ৯) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১০) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১১) জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, (সকল)



১৬-৭-২০২৪

মোহাম্মদ সাইফুল ইসলাম

উপসচিব